যুগান্তর

DEC. 04 2001

তারিখ

### এসএসসি ও দাখিল পরীক্ষা

# নলছিটির স্কুল-মাদ্রাসায় অতিরিক্ত ফি আদায় : প্রধান শিক্ষক তালাবদ্ধ

**ঝালকাঠি ও নলছিটি প্রতিনিধি**

শিক্ষা বোর্ডের নিষেধ অমান্য করে নলছিটিতে এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে ছাত্রদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। রোববার এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগে ঝালকাঠির নলছিটি উপজেলার বিজি ইউনিয়ন একাডেমির (হাই স্কুল) প্রধান শিক্ষক আবদুল হামিদ আকনকে স্কুলের ছাত্ররা ৩ ঘণ্টা বিদ্যালয়ে অবরোধ করে রাখে বলে খবর পাওয়া গেছে। পরে এলাকার মুরব্বিরা এসে ছাত্রদের শান্ত এবং ওই শিক্ষককে উদ্ধার করেন। ছাত্রদের অভিযোগ, বোর্ড নির্ধারিত ফি ৭শ' টাকার বদলে ২৫শ' টাকা আদায় করা হচ্ছিল।

জানা যায়, শিক্ষা বোর্ডের কঠোর হুশিয়ারি সত্ত্বেও নলছিটি মার্চেন্টস মাধ্যমিক বিদ্য মানবিকে ১৪৩২, বিজ্ঞানে ১৪৯২, নল গার্লস স্কুল মানবিকে ১৪৮৫, বিজ্ঞানে ১৫ টাকা, বিজি ইউনিয়ন একাডেমি সর্ব ১৫০০ থেকে সর্বোচ্চ ২১০০ টাকা, সূর্যপ মাদ্রাসা, মেআদিয়া মাদ্রাসা, নলছি ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা সর্বনিম্ন ১৫ থেকে ২৫০০ টাকা পর্যন্ত আদায় কর অতিরিক্ত ফি আদায়ের কারণে গরিব-অস অভিভাবকদের এক্ষেত্রে হিমশিম খেতে হচ্ছে

**কৃষি ডিপ্লোমা পরীক্ষায় ৩৫ পরীক্ষার্থী বহিষ্কার**

কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন কৃষি ডিপ্লো চূড়ান্ত পর্বের পরীক্ষার শেষ দিনে খাম যান্ত্রিকীকরণ বিষয়ে ব্যাপকহারে অসদুপা অবলম্বনের দায়ে নলছিটি কেন্দ্রের ৩৫ জ পরীক্ষার্থীর সবাইকে বহিষ্কার করা হয়েছে